

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.১৬.০২৫.২৩.৪৮৪

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০

২৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশ ও হালনাগাদকরণের প্রমাণক ও প্রত্যয়ন-পত্রসহ প্রতিবেদন প্রেরণ

সূত্র: খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের ১৪/০৯/২০২৩ তারিখের
১৩.০১.০০০০.১০০.১৬.০১৯.২৩.৪৫৯ নং স্মারকের পত্র

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের অনুবৃত্তিক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা মোতাবেক খাদ্য অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের সকল স্থাপনায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য পরিচালক, প্রশিক্ষণ বিভাগ ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি, খাদ্য অধিদপ্তর, ঢাকা'র সভাপতিত্বে জুম অ্যাপ-এ গত ০৪/০৯/২০২৩ তারিখে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভা জুম অ্যাপ-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. আগামী ৩০/০৯/২০২৩ তারিখের মধ্যে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন করতে হবে;

২. দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, ২৫/০৯/২০২৩ তারিখে খাদ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৩-২৪ বাস্তবায়ন বিষয়ক সভায় নিজ দপ্তর ও আওতাধীন দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশ ও নিজ দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের প্রমাণক এবং অধিনস্ত সকল দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ রয়েছে মর্মে প্রত্যয়ন-পত্রসহ প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়।

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরের অধীন সকল কার্যালয়ের (সরকারি আধুনিক ময়দা মিল/আখানি/ঢাকা রেশনিং/সাইলো/জেখানি/ চসনি/উখানি/অন্যান্য কার্যালয়) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) আগামী ৩০/০৯/২০২৩ তারিখের মধ্যে হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশ ও নিজ দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের প্রমাণক এবং নিজ দপ্তর ও আওতাধীন দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণের প্রত্যয়ন-পত্রসহ আগামী ০৩/১০/২০২৩ তারিখের মধ্যে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন খাদ্য অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৫-৯-২০২৩

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

বিতরণ :

১) প্রধান মিলার, পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা
মিল, ঢাকা

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: sys@dgfood.gov.bd

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
বিভাগ

৩) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা

৪) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ
সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার সাইলো,
বগুড়া/খুলনা স্টীল সাইলো/মোংলা সাইলো, বাগেরহাট

৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

৬) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.১৬.০২৫.২৩.৪৮৪/১(১১)

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০
২৫ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, প্রশাসন, খাদ্য মন্ত্রণালয়

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ প্রশাসন-১, খাদ্য মন্ত্রণালয়

৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের
সদয় অবগতির জন্য)

২৫-৯-২০২৩

মোঃ আনিসুর রহমান
প্রোগ্রামার